...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় কমিশনারের কার্যালয়

রংপুর বিভাগ, রংপুর।

সাধারণ শাখা

সিটিজেন চার্টার বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মো: হাবিবুর রহমান<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ০৩.১২.২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম এঁর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সিটিজেন চার্টার বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সদস্য সচিব বলেন ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২.২ নং সূচকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) অনুযায়ী সকলে সেবা পাচ্ছে কিনা এবং প্রদত্ত সেবার মানোন্নয়নের বিষয়ে সকলের সুচিন্তিত মতামত তুলে ধরার অনুরোধ করেন। সভাপতি বলেন মানুষকে সেবা প্রাপ্তির জন্য যেন আর অপেক্ষা করতে না হয় সে বিষয়ে সকল দপ্তরের সরকারি কর্মকর্তা/কর্মচারীকে সজাগ থাকতে হবে। নির্ধারিত সময়ে সরকার নির্ধারিত খরচে নির্বিঘ্নে সেবা প্রদান নিশ্চিত করাই সেবা প্রদান প্রতিশ্রুতির মূল উদ্দেশ্যে। জেলা এবং উপজেলার সকল দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সাধারণ জনগন সচেতন না হওয়ায় সরকারি অফিসগুলোতে দালাল চক্রের দৌরাত্ব রয়েছে। এজন্য তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি ও সরকারি সেবাসমূহ জনগণের মাঝে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে জনগণকে আরও সচেতন করতে সুশীল সমাজের প্রতিনিধি ও জনপ্রতিনিধিবৃন্দ গুরত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। সভাপতি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রদান পদ্ধতিতে স্বচ্ছতা আনয়ন, সেবা প্রাপ্তি সুলভ ও সহজ করা সরকারি দপ্তরসমূহের মূল দায়িত্ব। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদানের ক্ষেত্রে আরও আন্তরিক ও দায়িত্বশীল হতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করার জন্য নিয়মিত মনিটরিং করতে হবে। সবোর্পরি সরকার নির্ধারিত সময়ে সুলভ ও সহজ পদ্ধতিতে নির্ধারিত খরচে ভোগান্তিবিহীন সরকারি সকল সেবা প্রদানের জন্য আরও আন্তরিক হওয়ার অনুরোধ করেন। ।

০২। সভায় উপস্থিত সদস্যগণকে তাদের কার্যালয়ে সিটিজেন চার্টার বাস্তবায়নের নিমিত্ত চলমান কর্মসূচির তথ্যাদি জানতে চাওয়া হলে সদস্যগণ স্ব-স্ব প্রতিষ্ঠানে চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এবং এ বিষয়ে তাদের সুচিন্তিত মতামত উপস্থাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সেবা প্রদান প্রতিশ্রুতি অবহিতকরণ: | মাঠ প্রশাসনের সকল দপ্তরের সিটিজেন চার্টার সমন্ধে আলোচনা হয়। কোন পর্যায়ে কোন দপ্তর সেবা প্রদান করবে সে সমন্ধে পরিস্কার ধারণা প্রদান করা হয়। | নিয়মিত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন করে তাদের সিটিজেন চার্টার সমন্ধে অবহিত করতে হবে। তাদের মতামত ও পরামর্শ গ্রহণ করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে সে বিষয়ে অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জেলা প্রশাসক (সকল) ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | সেবাপ্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন | সভায় স্ব-স্ব কার্যালয়ে সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়ন করে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখার প্রতি গুরুত্বারোপ করা হয়। সেবাদান প্রতিশ্রুতি স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থাকরণসহ ওয়েব পোর্টালে আপলোড করার জন্যও অনুরোধ করা হয়। | সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং সেবাদান প্রতিশ্রুতি/ Citizen Charter) স্ব স্ব কার্যালয়ের জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে এবং ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ। |
| ০৩ | সেবা সহজীকরণ; | সেবাগ্রহীতার প্রতি সদাচরণসহ প্রত্যাশানুযায়ী সেবা সহজীকরণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ১) সেবা প্রদানে অনলাইন সিস্টেমের ব্যবহার বাড়িয়ে সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) সেবার মান বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর বিভাগ। |
| ০৪ | সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | সরকারী দপ্তরসমূহে সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রতি ত্রৈমাসিকে একবার হালনাগাদ করণ সম্পর্কে আলোচনা করা হয়। | সরকারী দপ্তরসমূহে সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রতি ত্রৈমাসিকে একবার হালনাগাদ করতে হবে। প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবপোর্টালে আপলোড করে প্রমাণক হিসেবে ওয়েবলিংক প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) রংপুর বিভাগ/ সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ। |
| ০৫ | সেবাপ্রদান প্রতিশ্রুতি প্রশিক্ষণ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। | সেবাদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন ও কার্যক্রম গ্রহণের বিষয়ে প্রশিক্ষন আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, |
| ০৬ | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন; | স্থানীয় পর্যায়ে কর্মকর্তা, রাজনীতিবিদ, শিক্ষাবিদ, সাংবাদিক ও সুধীজনদের সমন্বয়ে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | অংশীজনের নিয়ে নিয়মিত সভা আয়োজন করতে হবে এবং প্রতি ত্রৈমাসিকে সভার কার্যবিবরণী উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর বিভাগ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: হাবিবুর রহমান
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০..০০৫.১২.০০২.১৭.৫৭৫

তারিখ: ৮ পৌষ ১৪৩০
২৩ ডিসেম্বর ২০২৩

বিতরণ :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)/(রাজস্ব), রংপুর বিভাগ, রংপুর।

৪) পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৫) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ

৬) সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার, সাধারণ শাখা/রাজস্ব শাখা/সংস্থাপন শাখা/আইসিটি শাখা/নেজারত শাখা/হিসাব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।

মো: হাবিবুর রহমান
বিভাগীয় কমিশনার